

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট অধিশাখা-১

| | |
|--------------------|--|
| বিষয় | ঃ চলতি ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত বাজেটের প্রাক্কলন তৈরী ও পরীক্ষা নিরীক্ষা সংক্রান্ত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ ও সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ। |
| স্থান | ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ ০১/০১/২০২০, দুপুর ১২.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য উপসচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। উপসচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও অনুন্নয়ন খাতে প্রস্তাবিত বাজেট পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৪। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে আগামী ২০১৯-২০২০ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত ৪৩৩৮,৫৯,৮৫,০০০/- (চার হাজার তিনশত আটত্রিশ কোটি উনষাট লক্ষ পঁচাশি হাজার) টাকার চাহিদার যৌক্তিকতা নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

- (ক) জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা অনুবিভাগ এর প্রতিনিধি জনাব দেবাশিষ কুমার দাশ, সিনিয়র সহকারী প্রধান জানান যে, চলতি ২০১৯-২০২০ অর্থবছরে উন্নয়ন বাজেটে অতিরিক্ত ২৬৯,৩২,৭২,০০০/- (দুইশত উনসত্তর কোটি বত্রিশ লক্ষ বাহাতির হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
- (খ) বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জনাব আবু হাসান মুহাম্মদ তারিক, ডিআই জি (অর্থ ও উন্নয়ন) জানান যে, নতুন নতুন ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, খাদ্য, বাসস্থান নির্মাণ, পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ/ক্রয়, ভূমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাড়ি মেরামত ও সংস্কার এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
- (গ) বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি লেঃ কর্ণেল মোঃ খিজির খান, পরিচালক জানান যে, সেন্ট মার্টিনের অবকাঠামো ও সরঞ্জাম ক্রয়, সীমান্তে সার্ভিলেন্স টাওয়ার ও ইকুপমেন্ট ক্রয় ও স্থাপন, যানবাহন ক্রয়, গাজীপুর জেলায় বিজিবির নতুন ইউনিট গঠন এর ফলে ভূমি অধিগ্রহণ, বিজিবির পুনর্গঠন, এয়ার উইং এর প্রয়োজনীয় অবকাঠামো ও সরঞ্জাম ক্রয়, অবকাঠামো স্থাপন, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র ক্রয়, আবাসিক ভবন ও অনাবাসিক ভবন মেরামত, অন্যান্য ভবন স্থাপনা নির্মাণ, বৈদ্যুতিক স্থাপনা স্থাপন এবং নবসৃষ্ট ডগ স্কোয়াড খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
- (ঘ) বাংলাদেশ আনাসার ও ভিডিপি'র প্রতিনিধি পরিচালক(অর্থ), জনাব মসাহিদুজ্জামান যে, চলতি ২০১৯-২০২০ অর্থবছরে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন নাই। তবে ৩০ কোটি টাকা সমর্পণ করা যাবে।
- (ঙ) বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি এ এম কুরতউল্লাহ পরিচালক (লজিস্টিক) জানান যে, জলযান মেরামত, অন্যান্য ভবন ও স্থাপনা নির্মাণ, যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, মেরামত ও সংরক্ষণ এবং ভূমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
- (চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার প্রতিনিধি জনাব মোঃ ওবায়দ উল্লাহ, উপ পরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, চলতি ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দিয়ে চলবি অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন নাই।
- (ছ) এনটিএমসি'র প্রতিনিধি কর্ণেল মোঃ জাহিদ হোসেন, অতিরিক্ত পরিচালক(অপস) জানান যে, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে Vehicle Mounted Mobile এর শুষ্ক করাতি পরিশোধ এবং Vehicle Mounted Data Interceptor ক্রয়ের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

